গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত উন্নয়ন সহায়তার অর্থ ব্যবহার নির্দেশিকা প্রণয়ণ সংক্রান্ত চূড়ান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬০১, ভবন নং-৭), স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৯ জুন ২০২২, বৃহস্পতিবার, বিকাল ৩.০০ ঘটিকা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | **পরিশিষ্ট- 'ক'** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত উন্নয়ন সহায়তার অর্থ ব্যবহার নির্দেশিকা প্রণয়ণ সিটি কর্পোরেশনসমূহের আর্থিক সক্ষমতা বৃদ্ধি তথা আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। অদ্যকার সভায় উপস্থিত সকলের মতামত ও ইত:পূর্বে প্রাপ্ত মতামতের ভিত্তিতে এ নির্দেশিকাটি চূড়ান্ত করা হবে। তাই তিনি উপস্থিত সকলকে সুনির্দিষ্ট/সুচিন্তিত মতামত প্রদানের আহবান জানান এবং অতিরিক্ত সচিব নগর উন্নয়ন-কে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার অনুরোধ জানান।

২. সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী জানান, স্থানীয় সরকার বিভাগ হতে প্রতি অর্থ বছর বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও আবর্তক অনুদান খাত হতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে এবং সিটি কর্পোরেশন পর্যায়ে ব্যবহারের ক্ষেত্রে কোন নির্দেশিকা বা নীতিমালা না থাকায় অনেকক্ষেত্রে সিটি কর্পোরেশনসমূহে আর্থিক শৃঙ্খলা নিশ্চিতে ব্যত্যয় ঘটে। তাই আর্থিক শৃঙ্খলা তথা সুশাসন নিশ্চিতকরণে সিটি কর্পোরেশনসমূহের জন্য উন্নয়ন সহায়তার অর্থ ব্যবহার নির্দেশিকা প্রণয়ন জরুরী বিবেচনায় ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলের সহায়তায় একটি খসড়া নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। অদ্যকার সভায় তা চূড়ান্ত করা হবে। তিনি খসড়া নির্দেশিকাটি উপস্থাপনের জন্য মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-১)-কে আহবান জানান।

৩। মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-১) সভায় জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ গৃহিত কর্মসূচির আলোকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত উন্নয়ন সহায়তার অর্থ ব্যবহার নির্দেশিকা প্রণয়ণের লক্ষ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)-কে আহবায়ক করে ১২ (বারো) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি গত ৩১ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় এ বিভাগের যুগ্মসচিব (পলিসি সাপোর্ট)-কে নির্দেশিকা 'খসড়া' প্রস্তুতপূর্বক দাখিলের দায়িত্ব প্রদান করা হয়। যুগ্মসচিব (পলিসি সাপোর্ট) তা সংশ্লিষ্ট সকলের সহায়তায় খসড়া নির্দেশিকা দাখিল করলে উক্ত কমিটি কর্তৃক গত ২৪ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। সভায় প্রাপ্ত মতামতের ভিত্তিতে খসড়াটি সংশোধন করে মতামত প্রদানের জন্য সকল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। ইতোমধ্যে এ বিষয়ে ময়মনসিংহ এবং কুমিল্লা সিটি কর্পোরেশন হতে লিখিত মতামত পাওয়া যায়। তিনি সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে খসড়া নির্দেশিকাটি পর্যায়ক্রমে Power Point-এ উপস্থাপন করেন। প্রণীত নির্দেশিকার বিষয় উপস্থিত সকলে পর্যায়ক্রমে তাঁদের মতামত প্রদান করেন।

৪। জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) সভাকে জানান, অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এঁর নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক ইত:পূর্বে একাধিক সভার মাধ্যমে খসড়া নির্দেশিকাটিতে প্রয়োজনীয় সংশোধনী/সংযোজনী সম্পন্ন করা হয়েছে। পরবর্তীতে সিটি কর্পোরেশনসমূহের মতামতের জন্য তা প্রেরণ করা হয়। যেসকল সিটি কর্পোরেশন তাদের মতামত প্রদান করেননি, তারা আজকের সভায় মতামত প্রদান করতে পারে। সকলের মতামতের প্রেক্ষিতে নির্দেশিকাটি চূড়ান্ত করে জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তিনি এ বিষয়ে সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাসহ উপস্থিত কর্মকর্তাদের সুচিন্তিত মতামত কামনা করেন।

৫। জনাব নুমেরী জামান যুগ্মসচিব (পলিসি সাপোর্ট), জনাব মোঃ জসিম উদ্দিন যুগ্মসচিব (আইন), জনাব মোঃ মাসুম পাটোয়ারী যুগ্মসচিব (উপজেলা) এ কে এম মিজানুর রহমান উপসচিব (প্রশাসন), জনাব ফারজানা মান্নান উপসচিব (পৌর-২), জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম উপসচিব (সিটি কর্পোরেশন-২), জনাব মোহাম্মদ শহীদুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, জনাব মোঃ ইউসুফ আলী, প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ড. সফিকুল ইসলাম প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, সালেহ আহম্মেদ, প্রধান প্রকৌশলী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, জনাব মোঃ শরীফ উদ্দীন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, আবুল হাসনাত মোঃ আশরাফুল আলম, তত্ত্বাবধায়ক, প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভায় তাদের মতামত প্রদান করেন।

৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৬.১ | খসড়া নির্দেশিকায় সংযুক্ত সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত উন্নয়ন সহায়তা মঞ্জুরীর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/স্কিম/কার্যক্রমের ত্রৈমাসিক (Quarterly) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংক্রান্ত ছক (পরিশিষ্ট-১) সংশোধন করে জরুরীভিত্তিতে দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা /প্রধান প্রকৌশলী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| ৬.২ | সভায় প্রাপ্ত মতামত/সুপারিশগুলো সন্নিবেশ/সংযোজন/বিয়োজন করে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত উন্নয়ন সহায়তার অর্থ ব্যবহার নির্দেশিকাটি চূড়ান্তক্রমে জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | নগর উন্নয়ন অনুবিভাগ |

৭। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৯/০৬/২০২২ খ্রি:
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
স্থানীয় সরকার বিভাগ।

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.২২.০০৫.২২.৬৯৮/১(২২) তারিখ: ০৫ আষাঢ় ১৪২৯ / ১৯ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/সিলেট/চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/অডিট/পলিসি সাপোর্ট/আইন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/গাজীপুর/নারায়ণগঞ্জ/কুমিল্লা সিটি কর্পোরেশন।
৫. উপসচিব (জেলা পরিষদ/বাজেট/উপজেলা পরিষদ-২/পৌর-২/সিটি কর্পোরেশন-২/ইউনিয়ন পরিষদ-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/সিলেট/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/গাজীপুর/ নারায়ণগঞ্জ/কুমিল্লা সিটি কর্পোরেশন [মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য]
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

১৯.০৬.২০২২

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd